দৈনিক ইনকিলাব

তারিখ MAR 20 1989
পৃষ্ঠা ১ কলাম ২
149

# চট্টগ্রাম ভার্সিটির শাটল ট্রেনে ৪ ছাত্রীর সর্বস্ব ছিনতাই

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের চলন্ত শাটল ট্রেনে ছিনতাইকারীরা ৪ ছাত্রীর সর্বস্ব ছিনিয়ে নিয়েছে। ছিনতাইকারীরা অপর এক ছাত্রকে ছুরিকাঘাত করেছে। এ ঘটনায় বিক্ষুব্ধ ছাত্রীরা গতকাল প্রক্টরকে ২ ঘণ্টা ঘেরাও করে রাখে। প্রক্টর ডঃ তৌহিদ ওসমান খান জানান, গত বুধবার সরকারী ছুটি থাকায় সকাল পৌনে ৯টায় শাটল ট্রেনে করে আবাসিক ছাত্র-ছাত্রীরা ব্যক্তিগত কাজ ও মার্কেটিং করতে শহরে যাচ্ছিল। ষোল শহর স্টেশনে অধিকাংশ ছাত্রছাত্রী নেমে গেলে ট্রেনটি প্রায় ছাত্রশূন্য হয়ে যায়। ট্রেনটি পাহাড়তলী থানাধীন ঝাউতলা স্টেশন অতিক্রম করার পর ৩ জন সশস্ত্র যুবক ছোরা ঠেকিয়ে উক্ত ৪ ছাত্রীর স্বর্ণালংকার, ঘড়ি, নগদ টাকা-পয়সা ও ব্যাগ ছিনিয়ে নেয়। এতে বাধা দেয়ায় ছিনতাইকারীরা মাহবুব আলম নামে অপর এক ছাত্রকে ছুরিকাঘাত করে। গতকাল সকাল ১০টায় আবাসিক ছাত্রীরা প্রক্টরের কার্যালয় ঘেরাও করে। এ সময় তারা একটি স্মারকলিপি দেয় এবং ছিনতাইকারীদের গ্রেফতার ও ট্রেনে নিরাপত্তা নিশ্চিত করার দাবী জানায়। প্রক্টরের আশ্বাসের প্রেক্ষিতে বেলা ১২টার দিকে ঘেরাও প্রত্যাহার করা হয়।

...TION AND STATISTICS
3. SYSTEM
SHEET — OF — SHEETS